তারিখ 14 OCT 2016
পৃষ্ঠা ২ কলাম ৩

দৈনিক আমাদের সময়

# জঙ্গি প্রতিরোধে সব মাদ্রাসায় ৬ দফা নির্দেশনা

## ১৫ দিন অনুপস্থিত শিক্ষার্থীদের বিষয়ে জানাতে হবে পুলিশকে

শাহজাহান আকন্দ শুভ ●

জঙ্গি ও উগ্রপন্থা ঠেকাতে দেশের সব মাদ্রাসা কর্তৃপক্ষকে ৬ দফা নির্দেশনা অনুসরণ ও বাস্তবায়ন করতে নির্দেশ দেওয়া হয়েছে। গত সপ্তাহে মাদ্রাসা শিক্ষাবোর্ড থেকে এ নির্দেশনা জারি করা হয়েছে।

৬ দফা নির্দেশনা হলো– মাদ্রাসা ও মাদ্রাসার ছাত্রাবাসে জঙ্গি তৎপরতা চলছে কিনা, সে বিষয়ে নিরীক্ষণ কার্যক্রম জোরদার করা, মাদ্রাসা শিক্ষক, ছাত্রছাত্রী ও অভিভাবকদের জঙ্গিবিরোধী আলোচনা অনুষ্ঠানের মাধ্যমে সবাইকে সচেতন করা, মাদ্রাসার কোনো ছাত্রছাত্রী যৌক্তিক কারণ ছাড়া ১৫ দিন অনুপস্থিত থাকলে তাদের সম্পর্কে নিকটবর্তী থানাপুলিশ ও গোয়েন্দা সংস্থাসহ বোর্ডের কাছে নিয়মিত রিপোর্ট প্রদান, মাদ্রাসাগুলোয় সন্ত্রাস ও জঙ্গিবাদবিরোধী নিয়মিত অ্যাডভোকেসি করার উদ্যোগ গ্রহণ এবং বাস্তবায়ন নিশ্চিত করা, সন্ত্রাস-জঙ্গিবাদ-মাদক ইত্যাদি প্রতিরোধে একটি স্ট্যান্ডার্ড ফর্মে অভিভাবকদের করণীয়, ছাত্রছাত্রীদের জন্য করণীয় ও বর্জনীয় এবং শিক্ষক-অভিভাবকদের জন্য অনুসরণীয় নির্ধারণ করে মাদ্রাসাগুলোয় বিলবোর্ড আকারে দৃশ্যমান স্থানে টাঙিয়ে দেওয়ার ব্যবস্থা। এ ছাড়া সন্ত্রাস ও জঙ্গিবাদকে আদর্শগতভাবে মোকাবিলার জন্য প্রয়োজনীয় কর্মকৌশল প্রণয়ন করে কার্যক্রম গ্রহণ করারও নির্দেশ দেওয়া হয়েছে। রাজধানীর মীরহাজিরবাগ যাত্রাবাড়ীর তামিরুল মিল্লাত কামিল মাদ্রাসা ও টঙ্গির তামিরুল মিল্লাত কামিল মাদ্রাসা টঙ্গি শাখার শিক্ষার্থীরা উগ্রপন্থায় জড়িয়ে পড়েছে বলে তথ্য পেয়েছে মাদ্রাসা শিক্ষাবোর্ড। এই দুটি মাদ্রাসা কর্তৃপক্ষকে ওই ৬ দফা নির্দেশনা অনুসরণ ও বাস্তবায়ন করতে বিশেষভাবে নির্দেশনা জারি করেছে মাদ্রাসা শিক্ষাবোর্ড। সূত্র জানায়, মাদ্রাসা শিক্ষাবোর্ড থেকে জারি করা এই নির্দেশনার অনুলিপি দেওয়া হয়েছে পুলিশকেও।